

যুগান্ত

প্রিন্ট: ১৮ মে ২০২৫, ০৯:২৫ এএম

শিক্ষাজ্ঞন

রোববারের মধ্যে প্রজ্ঞাপন না হলে ফের আন্দোলন: সাত কলেজ



যুগান্ত প্রতিবেদন

প্রকাশ: ১৭ মে ২০২৫, ০৬:২৯ পি.এম



রাজধানীর সাত কলেজকে বিশ্ববিদ্যালয়ে রাপান্তর ইস্যুতে ইডেন কলেজে সংবাদ সম্মেলন করছেন শিক্ষার্থীরা।
ছবি: সংগৃহীত

রাজধানীর সরকারি সাত কলেজের অন্তর্ভুক্তিকালীন প্রশাসনের প্রত্যাপন জারি না করলে সোমবার থেকে আবারও আন্দোলন শুরু করার হঁশিয়ারি দিয়েছেন কলেজগুলোর শিক্ষার্থীরা।

শনিবার রাজধানীর ইডেন কলেজে এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানান।

শিক্ষার্থীরা বলছেন, রোববারের (১৮ মে) মধ্যে সাত কলেজের অন্তর্ভুক্তিকালীন প্রশাসনের প্রত্যাপন জারি করতে হবে। না করলে সোমবার থেকে আবারও আন্দোলন শুরু করবেন সাত কলেজের শিক্ষার্থীরা।

তারা বলছেন, আগামী পাঁচ দিনের মধ্যে ঢাকা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের রূপরেখা ও লোগো প্রকাশ করতে হবে। এছাড়া এক মাসের মধ্যে নতুন বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ জারি করতে হবে এবং ২০২৫-২৬ বাজেট বরাদ্দ দিতে হবে।

শিক্ষার্থীরা আরও বলছেন, এবার জনদুর্ভোগ এড়াতে রাস্তা বন্ধ করে আন্দোলন নয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ঘেরাও করা হবে।

